

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/কুড়ি/পেনশন/১৯৯/পার্ট-৩/১৪/

তারিখঃ /১২/২০১৬ খ্রিঃ।

প্রাপকঃ অধ্যক্ষ  
কুড়িগ্রাম টেকনিক্যাল স্কুল ও কলেজ  
কুড়িগ্রাম।

বিষয় : অবসরোত্তর ছুটি ও প্রাপ্য ছুটির বিনিময়ে ১৮ মাসের এককালীন আর্থিক মঞ্জুরী প্রসংগে।

সূত্র : টিএসসি-কুড়ি/সংস্থাপন/পিআরএল/১৩৪২ তারিখঃ ০৩/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কুড়িগ্রাম টেকনিক্যাল স্কুল ও কলেজের অফিস সহায়ক জনাব মোঃ শুকুর আলী এর ০৭/০২/২০১৭ খ্রিঃ তারিখ হতে অবসরোত্তর ছুটি ও প্রাপ্য ছুটির বিনিময়ে ১৮ মাসের এককালীন আর্থিক মঞ্জুরী প্রদানের জন্য প্রস্তাব পাওয়া গেছে।

উক্ত মঞ্জুরীর ক্ষেত্রে ওয়েব সাইটে প্রকাশিত কারিগরি শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩. অংশ-১/১০৬২ তারিখঃ ১৪/০৮/২১৬ খ্রিঃ মোতাবেক চেকলিষ্ট অনুসরণ পূর্বক অর্জিত ছুটির হিসাব বিবরণী (প্রতিটি কর্মস্থলে ছক মোতাবেক পর্যায়ক্রমে বছর ভিত্তিক ছুটি অর্জন সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছুটির প্রত্যয়ন এবং ছক মোতাবেক চাকুরী ও বছর ভিত্তিক বেতন নির্ধারনীর সার্বিক বিবরণী), ইএলপিসি এর মূল কপি, অধ্যক্ষ কর্তৃক না-দাবী সনদ (কোন প্রকার আর্থিক পাওনাদি, অডিট আপত্তি এবং কোন মামলা সংক্রান্ত বিষয় আছে কিনা উল্লেখ পূর্বক না-দাবী প্রত্যয়ন পত্র) এবং সহ পুনরায় পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, স্থায়ীকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন থাকায় পরবর্তীতে তাঁর চাকুরী বহি ফেরৎ প্রদান করা হবে।

স্বাক্ষরিত/-  
(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- টিএসসি/কুড়ি/পেনশন/১৯৯/পার্ট-৩/১৪/১৭৯৯(৩)

তারিখঃ ২২ /১২/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

০১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
০২. জনাব মোঃ শুকুর আলী, অফিস সহায়ক, কুড়িগ্রাম টেকনিক্যাল স্কুল ও কলেজ, কুড়িগ্রাম।
০৩. সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।